# মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়, মানিকগঞ্জ

**প্রশাসন বিভাগ**

**সাধারণ শাখা**

www.manikganjpourashava.com

স্মারক নং- মাপৌ/প্রশাঃ-সাধাঃ-২০২৫-৩৫৩ তারিখঃ১৭/০৪/২০২৫ খ্রিঃ

**"মানিকগঞ্জ পৌরসভার পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির ৮ (অষ্টম) সভার কার্যবিবরণী"**

| | | |
|---|---|---|
| সভার নম্বর | : | ০৮ (অষ্টম) |
| সভাপতি | : | জনাব সানজিদা জেসমীন, প্রশাসক, মানিকগঞ্জ পৌরসভা। |
| তারিখ | : | ১৬ এপ্রিল ২০২৫ খ্রি. |
| বার | : | রোজ বুধবার |
| সময় | : | ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : | পৌরসভার সভা কক্ষ, মানিকগঞ্জ পৌরসভা। |

**সভায় উপস্থিত মানিকগঞ্জ পৌরসভার পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির সম্মানিত সদস্যবৃন্দ :**

০১। জনাব সানজিদা জেসমীন, প্রশাসক, মানিকগঞ্জ পৌরসভা।

০২। জনাব ডাঃ মোঃ মকছেদুল মোমিন, সিভিল সার্জন, জেলা সিভিল সার্জনের কার্যালয়, মানিকগঞ্জ।

০৩। জনাব ড. রবীআহ নূর আহমেদ, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মানিকগঞ্জ।

০৪। জনাব বিশ্বনাথ বনিক, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, মানিকগঞ্জ।

০৫। জনাব এবিএম খোরশেদ আলম, নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, মানিকগঞ্জ।

০৬। জনাব গাজী ফাতিমা ফেরদৌস, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মানিকগঞ্জ।

০৭। জনাব মোঃ আমীর হোসেন, জেলা শিক্ষা অফিসার, জেলা শিক্ষা অফিস, মানিকগঞ্জ।

০৮। জনাব সেলিনা আখতার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, মানিকগঞ্জ।

০৯। জনাব হোসনে নাজনীন আরা, উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মানিকগঞ্জ।

সভার প্রারম্ভে প্রশাসক, মানিকগঞ্জ পৌরসভা, পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির অদ্যকার সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দদেরকে শুভেচ্ছা জানান এবং পৌর নির্বাহী কর্মকর্তাকে আলোচ্য সূচি মোতাবেক পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির আলোচ্য সূচি উপস্থাপনের আহ্বান জানান।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :** সভায় প্রশাসক কর্তৃক নির্দেশিত হয়ে পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মো: বজলুর রহমান পূর্ববর্তী | বিস্তারিত আলোচনান্তে গত ১৯/০৫/২০২৫ খ্রি. তারিখের পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির সভার কার্যবিবরণীর | পৌর নির্বাহী কর্মকর্তা |

**প্রশাসক**
**মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ**

মানিকগঞ্জ পৌরসভার পৌর পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | ১৯/০৩/২০২৫ খ্রি. তারিখের পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির সভার কার্যবিবরণী উপস্থিত সকলের উদ্দেশ্যে পাঠ করে শোনান। পৌর নির্বাহী কর্মকর্তা কর্তৃক পঠিত কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। | কোন প্রকার পরিবর্তন ও সংশোধন না থাকায় পঠিত সভার কার্যবিবরণী অনুমোদনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো। | |
| ০২ | **রাজস্ব আয় বৃদ্ধি সংক্রান্ত আলোচনা :** সভায় পৌর নির্বাহী কর্মকর্তা জানান যে, মানিকগঞ্জ পৌরসভায় কর নির্ধারণ কাজ সম্পন্নের পর ২০২৪-২০২৫ অর্থ বছরে সর্বমোট ১৭,৬৬৮ টি হোল্ডিং সৃজন হয়েছে এবং কর ধার্য হয়েছে। নতুন ধার্যকৃত করের বিল প্রদান সহ আদায় কার্যক্রম শুরু হয়েছে। ইতোমধ্যে রাজস্ব আদায়ের স্বার্থে ১০,০৮১ টি হোল্ডিং মালিকদের নিকট নতুন ধার্যকৃত করের বিল প্রদান করা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। | বিস্তারিত আলোচনান্তে পৌরসভার রাজস্ব আয় বৃদ্ধির লক্ষে নতুন ধার্যকৃত করের বিল যে সমস্ত এলাকার হোল্ডিং মালিকগণ এখনো পায় নাই। অতিদ্রুত সময়ের মধ্যে সেই সকল হোল্ডিং মালিকদের নিকট ধার্যকৃত করের বিল বিতরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | কর আদায়কারী মানিকগঞ্জ পৌরসভা। |
| ০৩ | **উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা :** সভার সভাপতি উন্নয়ন খাতের প্রকল্প গ্রহণ বিষয়ে জানতে চাইলে সভায় উপস্থিত নির্বাহী প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, গত ১৯/০৩/২০২৫ খ্রি. তারিখের পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির সভায় অনুমোদিত প্রকল্প ও প্রাক্কলন অনুযায়ী টেন্ডার আহবানের কাজ প্রক্রিয়াধীন রয়েছে। সভাপতি আরো বলেন গুরুত্বের দিক বিবেচনায় অনুমোদিত প্রকল্প বাস্তবায়ন করতে হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। | বিস্তারিত আলোচনান্তে গত সভার সিদ্ধান্ত অনুযায়ী দ্রুত টেন্ডার কাজ সম্পন্ন করে প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | নির্বাহী প্রকৌশলী মানিকগঞ্জ পৌরসভা |
| ০৪ | **মাসিক হিসাব বিবরণী সংক্রান্ত আলোচনা :** সভায় পৌর নির্বাহী কর্মকর্তা মার্চ/২০২৫ মাসের পৌরসভার রাজস্ব খাতে আয় ব্যয়ের হিসাব বিবরণী উপস্থাপন করেন। রাজস্ব খাতে প্রারম্ভিক জের সহ আয় হয়েছে ৪,৪১,৪৫,৪৫৯.৮৩ ( চার কোটি একচল্লিশ লক্ষ পঁয়তাল্লিশ হাজার চারশত উনষাট টাকা তিরাশি পয়সা) টাকা মাত্র ও ব্যয় হয়েছে ২,৪২,৮১,৪০০.০০ (দুই কোটি বিয়াল্লিশ লক্ষ একাশি হাজার চারশত ) টাকা মাত্র। সমাপনী জের ১,৯৮,৬৪,০৫৯.৮৩ (এক কোটি আটানব্বই লক্ষ চৌষট্টি হাজার উনষাট টাকা তিরাশি পয়সা) টাকা মাত্র। তিনি আরো জানান যে, পৌর পানি সরবরাহ শাখায় মার্চ/২০২৫ মাসে প্রারম্ভিক জের সহ আয় হয়েছে ৭৬,৫৯,২৯২.৩০ (ছিয়াত্তর লক্ষ উনষাট হাজার দুইশত বিরানব্বই টাকা ত্রিশ পয়সা) ও ব্যয় হয়েছে ৩৮,৬৬,৯১৮.০০ (আটত্রিশ লক্ষ ছয়ষট্টি হাজার নয়শত আঠার) টাকা মাত্র। সমাপনী জের ৩৭,৯২,৩৭৪.৩০ (সাইত্রিশ লক্ষ বিরানব্বই হাজার তিনশত চুয়াত্তর টাকা ত্রিশ পয়সা)। উপরোক্ত উপস্থাপিত হিসাব বিবরণী সমূহের বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। | বিস্তারিত আলোচনান্তে মার্চ/২০২৫ মাসের পৌরসভার উপস্থাপিত আয় ব্যয়ের হিসাব বিবরণী অনুমোদন দেওয়ার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো। | পৌর নির্বাহী কর্মকর্তা মানিকগঞ্জ পৌরসভা |
| ০৫ | **জেলা উন্নয়ন সমন্বয়, জেলা আইন শৃঙ্খলা ও পৌরসভার বিভিন্ন কমিটির সুপারিশ পর্যালোচনা :** পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, জেলা উন্নয়ন সমন্বয় কমিটি সভায় মানিকগঞ্জ পৌরসভা সংক্রান্ত অতি গুরুত্ব বিষয়ে আলোচনা হয়নি। অন্যান্য বিভিন্ন কমিটির সুপারিশ সমূহের বিষয়ে পর্যালোচনা পূর্বক বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। | বিস্তারিত আলোচনান্তে মানিকগঞ্জ পৌরসভার অন্যান্য কমিটির সুপারিশ সমুহ পর্যালোচনা পূর্বক অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | পৌর নির্বাহী কর্মকর্তা মানিকগঞ্জ পৌরসভা |

| ম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০৬ | **ঈদ-উল-ফিতর, ২০২৫ উদযাপন উপলক্ষে ভিজিএফ খাদ্যশস্য এর চাউল বিতরণ সংক্রান্ত আলোচনা :** পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, পবিত্র ঈদ-উল-ফিতর/২০২৫ উপলক্ষ্যে মানিকগঞ্জ পৌরসভায় ৪৬.২১০ মেঃ টন চাউল বিতরণের জন্য ৪৬২১ (চার হাজার ছয়শত একুশ) টি কার্ড বরাদ্দ পাওয়া যায়। সে পরিপ্রেক্ষিতে প্রতি কার্ডে ১০ কেজি হারে চাল সুষ্ঠ ভাবে বিতরণ করা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। | বিস্তারিত আলোচনান্তে ঈদ-উল-ফিতর, ২০২৫ উপলক্ষ্যে প্রাপ্ত ৪৬.২১০ মেঃ টন জিএফ খাদ্যশস্য (চাল) সুষ্ঠ ভাবে বিতরণ সম্পন্ন হওয়ায় সন্তোষ প্রকাশ করা হলো। | পৌর নির্বাহী কর্মকর্তা মানিকগঞ্জ পৌরসভা |
| ০৭ | **টিসিবি স্মার্ট ফ্যামেলী সংক্রান্ত আলোচনা :** পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, উপকারভোগী ৭,৬৫৯ টি টিসিবি স্মার্ট ফ্যামেলী কার্ড অনলাইনে এন্টি দেওয়া হয়েছে। অদ্য ১৬/০৪/২০২৫ খ্রি. পর্যন্ত উপজেলা, মানিকগঞ্জ অফিস হতে ৪,৯৯৭টি উপকারভোগী টিসিবি স্মার্ট ফ্যামেলী কার্ড ভেরিফাই হয়েছে। ৮৫৪ টি উপকারভোগী টিসিটি স্মার্ট ফ্যামেলী কার্ড ভেরিভিকেশনের কাজ চলমান অবস্থায় রয়েছে এবং ১৮০৮ টি টিসিবি স্মার্ট ফ্যামেলী কার্ড সংশোধনযোগ্য । সঠিক তথ্য সংগ্রহ পূর্বক ভুল সংশোধনের কাজ প্রক্রিয়াধীন রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। | বিস্তারিত আলোচনান্তে সংশোধন যোগ্য ১৮০৮ টি টিসিবি স্মার্ট ফ্যামেলী কার্ড সঠিক তথ্য উপাত্ত সংগ্রহ পূর্বক দ্রুত সময়ের মধ্যে সংশোধনের কাজ শেষ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | পৌর নির্বাহী কর্মকর্তা মানিকগঞ্জ পৌরসভা |
| ০৮ | **বিবিধ : ১ : ১৪৩২ বাংলা সনের জন্য বিভিন্ন মহাল ইজারা সংক্রান্ত আলোচনা :** পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, ১৪৩২ বাংলা সনের ১ম বারের ইজারা বিজ্ঞপ্তির মাধ্যমে ১২টি মহালের মধ্যে ৬টি ইজারা মহল ইজারা প্রদান করা হয়েছে। নিম্ন লিখিত ৬টি ইজারা মহাল ইজারা দেওয়া সম্ভব হয়নি।<br>০১। হাট বাজার। ০২। মাছ বাজারের সামনে গণশৌচাগার। ০৩। খাদ্য গুদামের সামনে গণশৌচাগার। ০৪। বেউথা ঘাটের গণশৌচাগার। ০৫। বাস টার্মিনালের য়্যাক্স। ০৬। ডিসি কোর্ট সংলগ্ন গণশৌচাগার।<br>এ বিষয়ে তিনি আরো জানান যে, হাট বাজার ইজারা মহালের মধ্যে ৯০টি সেড তৈরী পূর্বক ভাড়া প্রদান করা হয়েছে। যার প্রেক্ষিতে উক্ত মহাল হতে টোল আদায় করা সম্ভব হচ্ছেনা। সেডের বাহিরে অবশিষ্ট অংশে স্থানীয় ভাবে হাঁস মুরগী ও ছাগল বিক্রয়ের মাধ্যমে টোল আদায় করা হয়ে থাকে। কিন্তু ইতোমধ্যে পৌরসভার সীমান্ত সংলগ্ন বিভিন্ন জায়গায় হাঁস মুরগী সহ ছাগল বিক্রয়ের ব্যবস্থা থাকায় পৌর হাটবাজারে হাঁস মুরগী ও ছাগল সরবরাহ কমে গিয়েছে। সে জন্য টোল আদায় কমে গেছে। মানিকগঞ্জ বাজারের সাপ্তাহিত হাট বিভিন্ন কারণে বন্ধের উপক্রম। এ প্রেক্ষিতে ইজারাদার ব্যবসায়িক ক্ষতির সম্ভবনা থাকায় সিডিউল ক্রয় করছেনা এবং গণশৌচারগুলো যথাস্থানে নির্মিত না হওয়ায়, উল্লেখিত গণশৌচাগারগুলো যথা সময়ে সংস্কার না করার কারনে ব্যবহারের অনুপযোগী হওয়ায় এবং গণশৌচাগার সংলগ্ন এলাকায় সরকারি/বেসরকারি অফিস সমূহে শৌচাগারের ব্যবস্থা থাকায় পৌরসভার নির্মিত গণশৌচার ব্যবহারের গুরুত্ব কমে গেছে। অধিকাংশ জনগণ গণশৌচাগার ব্যবহার করছেনা। উপরোক্ত বিষয়ে পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির সদস্যগণ বিস্তারিত আলোচনা করেন। | বিস্তারিত আলোচনান্তে পৌরসভার রাজস্ব আয়ের স্বার্থে হাটবাজার নীতিমালা অনুসরণ পূর্বক ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ বার দরপত্র গ্রহণের সময় উল্লেখ পূর্বক ইজারা বিজ্ঞপ্তি প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো এবং ইতোমধ্যে বৈশাখ মাস শুরু হওয়ায় বিধি মোতাবেক খাস আদায়ের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। হাটবাজার ইজারা না হওয়ার কারণ সম্বলিত প্রতিবেদন স্থানীয় সরকার বিভাগে প্রেরণের অনুমোদন দেওয়া হলো। | পৌর নির্বাহী কর্মকর্তা মানিকগঞ্জ পৌরসভা ও বাজার পরিদর্শক |



প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা মানিকগঞ্জ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **বিবিধ : ২ : ২০২৪-২০২৫ অর্থ বছরের প্রাক-বাজেট সংক্রান্ত আলোচনা:** পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, প্রতি অর্থ বৎসরের ৩০শে জুনের মধ্যে বাজেট প্রনয়ণ পূর্বক নিয়ামক কর্তৃপক্ষের নিকট প্রেরণের নির্দেশনা রয়েছে। তৎপরিপ্রেক্ষিতে ২০২৪-২০২৫ অর্থ বৎসরের বাজেট প্রস্তুতের লক্ষে কার্যক্রম গ্রহণ করতে হবে। গত অর্থ বৎসরে কাল্পনিক রুপ রেখায় বাজেট তৈরী করা হয়েছিল বিধায় বাজেটের আকার বৃদ্ধি পেয়েছিল। চলমান অর্থ বৎসরে বাস্তবের সহিত সামঞ্জস্য রেখে বাজেটের কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। সভার সভাপতি উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন, বাজেটে আকার বড় না করে বাস্তবতার নিরিখে বাজেট প্রণয়ন করতে হবে। তিনি ২০২৪-২০২৫ অর্থ বৎসরের বাজেট প্রস্তুতে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। | বিস্তারিত আলোচনান্তে ২০২৪-২০২৫ অর্থ বৎসরের বাজেট বিধি অনুযায়ী সকল স্টোক হোল্ডার পৌরসভার গঠিত বিভিন্ন কমিটির আলোচনা ও পরামর্শক্রমে নির্ধারিত সময়ে বাজেট প্রস্তুত পূর্বক সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণের অনুমতি দেওয়া হলো। | হিসাব রক্ষণ কর্মকর্তা মানিকগঞ্জ পৌরসভা |
| **বিবিধ : ৩ : GESIAP ও PRAP এর জন্য বাজেটে বরাদ্দকৃত অর্থ খরচ বিষয়ে আলোচনা** : পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP)-এর নির্দেশনা ও ক্রাইটেরিয়া মোতাবেক GESIAP ও PRAP এর জন্য বাজেটে অর্থ বরাদ্দ রাখা হয়েছে। ইতোমধ্যে উক্ত বরাদ্দকৃত অর্থ হতে LINIC কমিটি সদস্যদের মাঝ হতে ১৫ জন সদস্যকে সেলাই প্রশিক্ষণ ও ৮ জনকে কম্পিউটার প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। প্রকল্পে নির্দেশনা অনুযায়ী বর্তমান অর্থ বৎসরে GESIAP ও PRAP এর জন্য বাজেটে বরাদ্দকৃত অর্থ খরচ করা প্রয়োজন। এ বিষয়ে সভার সভাপতি বলেন যারা প্রশিক্ষণ নিচ্ছে তাদের সাবলম্বী করার স্বার্থে সেলাই মেশিন ও কম্পিউটার ক্রয় পূর্বক সরবরাহ প্রদান করা যেতে পারে। পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির সদস্যগণ বলেন, আমাদের উদ্দেশ্য হচ্ছে নিম্ন শ্রেণীর লোকজনকে সাবলম্বী করা তাই এনালগ বা ম্যানুয়াল সেলাই মেশিন ক্রয় না করে ভালমানের ইলেকট্রিক সেলাই মেশিন ক্রয় পূর্বক তাদের মাঝে বিতরণ করা যেতে পারে। কম্পিউটারের ক্ষেত্রে তারা প্রশিক্ষণের পর যাহাতে ঘরে বসে না থাকে, সে লক্ষে ভাল মানের কম্পিউটার ক্রয় করে প্রশিক্ষণার্থীদের মাঝে বিতরণ করা যেতে পারে। পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে আরো অবহিত করেন যে, নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP)-এর নির্দেশনা মোতাবেক স্কিল ডেভেলপ করে আর্থিক ভাবে সাবলম্বী হয়ে উঠার জন্য বিভিন্ন নির্দেশনা রয়েছে। তৎপরিপ্রেক্ষিতে ইতোমধ্যে ফি প্রদান সাপেক্ষে ২৫ জনকে কম্পিউটার ও সেলাই প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। তাদের প্রশিক্ষণ ফি প্রদান করা হয়েছে কিন্তু যাতায়াত/আপ্যায়ন ভাতা প্রদান করা হয়নি। যাতায়াত/আপ্যায়ন ভাতা না পাওয়াতে প্রশিক্ষণার্থীগণ নিরুৎসাহিত হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। | বিস্তারিত আলোচনান্তে ইতোপূর্বে প্রশিক্ষণার্থীদের আর্থিক স্বচ্ছলতা আনয়ন সাপেক্ষে পর্যায়ক্রমে ইলেকট্রিক সেলাই মেশিন ও কম্পিউটার ক্রয় পূর্বক বিতরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো এবং পরবর্তী সময়ে প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ প্রদানের ফি প্রদান সহ প্রতি অফিস কর্মদিবসে প্রতিজন প্রশিক্ষণার্থীকে ২০০/- (দুইশত) টাকা হিসেবে যাতায়াত/আপ্যায়ন ভাতা প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | সমাজ উন্নয়ন কর্মকর্তা মানিকগঞ্জ পৌরসভা। |

প্রশাসক

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **বিবিধ : ৪ : মানিকগঞ্জ পৌরসভার পরিচ্ছন্নতা শাখা বেউথাস্থ ওভার হেড পানির ট্যাংকের উত্তর পার্শ্বে পৌরসভার নির্মিত গ্যারেজে স্থানান্তর করণ প্রসঙ্গে আলোচনা :** পৌর নির্বাহী সভাকে অবহিত করেন যে, বেউথাস্থ ওভারহেড পানির ট্যাংকের উত্তর পার্শ্বে রাস্তার ধারে পৌরসভার মাধ্যমে গ্যারেজ ও সেড নির্মাণ করা হয়েছে। উক্ত গ্যারেজে পৌরসভার বিভিন্ন ধরনের গাড়ি সংরক্ষণ করা হয়েছে এবং প্রকল্প অফিস হতে দেওয়া ডাস্টবিন সংরক্ষণ করা হয়েছে। মানিকগঞ্জ পৌরসভা শাখা উল্লেখিত জায়গায় স্থানান্তর করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিস্তারিত আলোচনান্তে মানিকগঞ্জ পৌরসভার পরিচ্ছন্নতা শাখার কার্যক্রম মানিকগঞ্জ পৌরসভা কার্যালয় হতে বেউথাস্থ ওভার হেড পানির ট্যাংকের উত্তর পার্শ্বে নির্মিত গ্যারেজ/সেড সমূহে স্থানান্তর করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | নির্বাহী প্রকৌশলী মানিকগঞ্জ পৌরসভা |
| **বিবিধ : ৫ : মানিকগঞ্জ পৌরসভার গৃহীত উন্নয়ন কাজ প্যাকেজ নং- MPS-2023-2024/P-13, নয়াকান্দি কবরস্থানের বাউন্ডারী ওয়ালের সংশোধিত প্রাক্কলন অনুমোদন প্রসংগে আলোচনা :** নির্বাহী প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, বিগত ২০২৩-২০২৪ অর্থ বৎসরে বার্ষিক উন্নয়ন সহায়তা অনুদানের মাধ্যমে অত্র পৌরসভার নয়াকান্দি কবরস্থানের বাউন্ডারী ওয়াল নির্মাণের জন্য একটি প্রকল্প গ্রহণ করা হয়। যার প্যাকেজ নং- MPS-2023-2024/P-13 এর প্রাক্কলিত মূল্য ৯,৩২,৬১৯/= (নয় লক্ষ বত্রিশ হাজার ছয়শত উনিশ) টাকা এবং চুক্তিমূল্য ৮,৮৫,৯৮৮/= (আট লক্ষ পঁচাশি হাজার নয়শত আটাশি) টাকা মাত্র। উক্ত কাজটি বর্তমানে চলমান অবস্থায় রয়েছে। কাজটি বাস্তবায়ন করতে গিয়ে প্রাক্কলনের কোন কোন আইটেমের পরিবর্তন এবং সংশোধন প্রয়োজন পড়েছে। তৎপরিপ্রেক্ষিতে বাস্তবতার নিরিখে প্রকৌশল বিভাগের মাধ্যমে একটি সংশোধিত প্রাক্কলন তৈরী করা হয়েছে। উক্ত সংশোধিত প্রাক্কলনের পরিমাণ ৯,২৬,৫৭২/= (নয় লক্ষ ছাব্বিশ হাজার পাঁচশত বাহাত্তুর) টাকা এবং চুক্তিমূল্য দাড়াবে ৮,৮০,২৪৩/= (আট লক্ষ আশি হাজার দুইশত তেতাল্লিশ) টাকা। সভায় তিনি সংশোধিত প্রাক্কলনটি উপস্থাপন করেন এবং উত্থাপিত প্রাক্কলনটি অনুমোদনের জন্য প্রস্তাব করেন। উপস্থাপিত সংশোধিত ৯,২৬,৫৭২/= (নয় লক্ষ ছাব্বিশ হাজার পাঁচশত বাহাত্তুর) টাকার প্রাক্কলন অনুমোদনের বিষটি উপস্থিত সকলে একমত পোষণ করেন। অত:পর এ বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। | বিস্তারিত আলোচনান্তে প্রকল্পটির প্রাক্কলিত মূল্য ৯,৩২,৬১৯/= (নয় লক্ষ বত্রিশ হাজার ছয়শত উনিশ) টাকার স্থলে ৯,২৬,৫৭২/= (নয় লক্ষ ছাব্বিশ হাজার পাঁচশত বাহাত্তুর) টাকার সংশোধিত প্রাক্কলন অনুমোদন সহ পূর্বের চুক্তিমূল্য চুক্তিমূল্য ৮,৮৫,৯৮৮/= (আট লক্ষ পঁচাশি হাজার নয়শত আটাশি) টাকার স্থলে ৮,৮০,২৪৩/= (আট লক্ষ আশি হাজার দুইশত তেতাল্লিশ) টাকার চুক্তিমূল্য অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | নির্বাহী প্রকৌশলী মানিকগঞ্জ পৌরসভা |
| **বিবিধ : ৬ : TR প্রকল্পের PIC কমিটি গঠণ পূর্বক প্রেরণ সংক্রান্ত আলোচনা :** পৌর নির্বাহী কর্মকর্তা সভায় গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০২১ উপস্থাপন করেন। বর্ণিত নির্দেশিকায় টিআর প্রকল্প বাস্তবায়নে প্রত্যেক প্রকল্পের জন্য ০৫(পাঁচ) সদস্য বিশিষ্ট কমিটি গঠণের নির্দেশনা রয়েছে। তিনি আরো জানান প্রাপ্ত নির্দেশিকায় পৌরসভার সংশ্লিষ্ট ওয়ার্ডে কাউন্সিলর কমিটির চেয়ারম্যান হবেন কিন্তু রাজনৈতিক প্রেক্ষাপটে বর্তমানে পৌরসভায় নির্বাচিত পরিষদ নেই। স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা মোতাবেক ০৯(নয়) সদস্য বিশিষ্ট পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটি বর্তমানে বিদ্যমান। সে লক্ষে টিআর | বিস্তারিত আলোচনান্তে TR প্রকল্পের এর ০৫ সদস্য বিশিষ্ট PIC কমিটি গঠণ পূর্বক সংশ্লিষ্ট অফিসে প্রেরণের জন্য সর্বসম্মিতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | পৌর নির্বাহী কর্মকর্তা মানিকগঞ্জ পৌরসভা ও নির্বাহী প্রকৌশলী মানিকগঞ্জ পৌরসভা |

প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

<table>
<tr><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>প্রকল্প বাস্তবায়নে ০৫(পাঁচ) সদস্য বিশিষ্ট কমিটি গঠণ কল্পে ওয়ার্ড ভিত্তিক দায়িত্বপ্রাপ্ত পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির সদস্যদেরকে টিআর প্রকল্প বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান এবং শহর সমন্বয় কমিটি ও ওয়ার্ড কমিটির ১জন করে সদস্য, পৌরসভার কর্মকর্তা/কর্মচারী ও সংশ্লিষ্ট এলাকার ১জন বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকের সমন্বয়ে টিআর প্রকল্প বাস্তবায়নে ০৫(পাঁচ) সদস্য বিশিষ্ট কমিটি গঠণ করা যেতে পারে। টিআর প্রকল্প বাস্তবায়নে ০৫(পাঁচ) সদস্য বিশিষ্ট কমিটি গঠণ বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।</td><td></td><td></td></tr>
<tr><td>বিবিধ : ৭ : রাজস্ব খাতে উন্নয়ন কাজ বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা : নির্বাহী প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, পৌরসভার বিভিন্ন এলাকায় জন-সাধারণের চাহিদার প্রেক্ষিতে রাজস্ব খাতে বেশ কিছু উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন প্রয়োজন।তিনি প্রকল্প সমূহ সভায় উপস্থাপন করেন। প্রকল্প সমূহ বাস্তবায়নের বিষয়ে পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির সদস্যগণ বিস্তারিত আলোচনা করেন।</td><td>বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত ০৮ প্রকল্প ও প্রকল্পের বিপরীতে প্রাক্কলিত অর্থ অনুমোদন করত: PPR-2028 মোতাবেক RFQM পদ্ধতি অনুসরণ পূর্বক বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।
<table>
<tr><th>ক্রঃ নং-</th><th>প্রকল্পের নাম</th><th>প্রাক্কলিত অর্থ</th></tr>
<tr><td>০১</td><td>উত্তর সেওতা শহীদ টিটু সড়কে কাজী বাড়ী হতে দক্ষিণ দিকে আশরাফ কাজীর বাড়ী পর্যন্ত ২০০মিমি ব্যাসের পাইপ লাইন স্থাপন কাজ (চেইনেজ-০০-২০০মিঃ)।</td><td>৩,৭৯,৯৭৮.০০</td></tr>
<tr><td>০২</td><td>উত্তর সেওতা শহীদ টিটু সড়কে কাজী বাড়ী হতে দক্ষিণ দিকে আশরাফ কাজীর বাড়ী পর্যন্ত ২০০মিমি ব্যাসের পাইপ লাইন স্থাপন কাজ (চেইনেজ-২০০-৪১৫মিঃ)।</td><td>৪,০০,৫৪৬.০০</td></tr>
<tr><td>০৩</td><td>বেউথা মেইন রাস্তা হতে পাবলিক লাইব্রেরী হয়ে আলহাজ্ব মোঃ আবুল হাশেম এর বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ।</td><td>৬,৬২,১৭৬.০০</td></tr>
<tr><td>০৪</td><td>(ক) নারাঙ্গাই মমিন মাদবরের বাড়ীর নিকট বাশের পুল নির্মাণ কাজ। (খ) নারাঙ্গাই আলী হোসেনের বাড়ীর নিকট খালের উপর বাশের পুল নির্মাণ কাজ। (গ) উচুটিয়া জাহাঙ্গীরের বাড়ীর নিকট বাশের পুল নির্মাণ কাজ। (ঘ) উচুটিয়া আফছার মাওলানার বাড়ীর নিকট বাশের পুল নির্মাণ কাজ।</td><td>২,০৮,৪৮৪.০০</td></tr>
<tr><td>০৫</td><td>(ক) রির্জাভ ট্যাংক পুকুরের দক্ষিণ পাশের ঘাটলা টাইলস ও রেলিং করণ কাজ। (খ) রির্জাভ ট্যাংক পুকুরের পশ্চিম পাশের ঘাটলা এসএস রেলিং ও টাইলস করণ কাজ।</td><td>৫,৫৮,৩৪৮.০০</td></tr>
<tr><td>০৬</td><td>রির্জাভ ট্যাংক পুকুরের পাশের ঘাটলা ৬টি এসএস ব্রেঞ্চ নির্মাণ কাজ।</td><td>২,৩৪,৮৫৫.০০</td></tr>
<tr><td>০৭</td><td>রির্জাভ ঠ্যাংক পুকুরের চারপাশ আলোকিত করণ কাজ।</td><td>৬,৬১,৯৩৪.০০</td></tr>
</table></td><td>নির্বাহী প্রকৌশলী মানিকগঞ্জ পৌরসভা</td></tr>
</table>

প্রশাসক

মানিকগঞ্জ পৌরসভার পৌর পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী

| আলোচনা | সিদ্ধান্ত | | | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | ০৮ | (ক) বান্দুটিয়া রাস্তায় আরশেদের বাড়ী হতে পশ্চিম দিকে গেদার বাড়ী পর্যন্ত ৬ইঞ্চি ব্যাসের আন্তঃ সংযোগ পাইপ লাইন স্থাপন কাজ। (খ) বান্দুটিয়া এলাকায় সজিবের বাড়ী হতে পশ্চিম দিকে ফিরোজের বাড়ী পর্যন্ত পাইপ লাইন স্থাপন কাজ। | ১,৬০,৩৩০.০০ | |
| | ০৯ | পশ্চিম দাশড়া সিঙ্গাইর রোডে ভবেশ ডাক্তারের বাড়ী হতে পূর্ব দিকে জয়নাল মিয়ার বাড়ী পর্যন্ত ৪ইঞ্চি ব্যাসের পাইপ লাইন স্থাপন কাজ। | ৯১,৫০০.০০ | |
| | ১০ | বেউথা আইআরপি'র পাশে গ্যারেজ নির্মান কাজ। | ৭,২০,৭৪৬.০০ | |
| **বিবিধ : ৮ : ২০২৪-২০২৫ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি,আর) কর্মসূচীর আওতায় পৌরসভা ভিত্তিক বরাদ্দকৃত ৩য় কিস্তির বরাদ্দের অনুকূলে ২৫,৮২,০০৯.২৮ ( পঁচিশ লক্ষ বিরাশি হাজার নয় টাকা আটাশ পয়সা)'র প্রকল্প প্রেরণ সংক্রান্ত আলোচনাঃ** পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের স্মারক নং- ৫১.০১.৫৬৪৬.০০০.০১১.২৫.২০৭ তারিখ: ২৭/০৩/২০২৫ খ্রি. তারিখের পত্রের মাধ্যমে ২০২৪-২০২৫ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি,আর) কর্মসূচীর আওতায় পৌরসভা ভিত্তিক ৩য় কিস্তির ২৫,৮২,০০৯.২৮ ( পঁচিশ লক্ষ বিরাশি হাজার নয় টাকা আটাশ পয়সা) বরাদ্দ পাওয়া গিয়েছে। বরাদ্দকৃত টাকার মধ্যে উপজেলা নির্বাহী অফিসার বরাবরে প্রকল্প তালিকা ও রেজুলেশন সহ প্রকল্প কমিটি দাখিল করার জন্য অনুরোধ করছেন। প্রাপ্ত পত্রের বিষয়ে উপস্থিত পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির সদস্যগণ বিস্তারিত আলোচনা করেন। | বিস্তারিত আলোচনান্তে জনগুরুত্বের দিক বিবেচনায় ২০২৪-২০২৫ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি,আর) কর্মসূচীর আওতায় পৌরসভা ভিত্তিক ৩য় কিস্তির বরাদ্দকৃত ২৫,৮২,০০৯.২৮ ( পঁচিশ লক্ষ বিরাশি হাজার নয় টাকা আটাশ পয়সা)'র মধ্যে প্রকল্প তালিকা ও রেজুলেশন সহ প্রকল্প কমিটি দ্রুততম সময়ে উপজেলা নির্বাহী অফিসার বরাবরে প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | | | নির্বাহী প্রকৌশলী মানিকগঞ্জ পৌরসভা |

পরিশেষে অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(সানজিদা জেসমীন)
প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।
E-mail: manikganj_municipality@yahoo.com

সানজিদা জেসমীন
প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা,মানিকগঞ্জ
ও
উপ-পরিচালক (উপসচিব)
স্থানীয় সরকার, মানিকগঞ্জ

স্মারক নং- মাপৌ/প্রশাঃ-সাধাঃ-২০২৫-৩৫৩

তারিখঃ ১৭/০৪/২০২৫ খ্রি.

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :-**

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।

০৩। জনাব..........................................................................পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির সদস্য (সকল), মানিকগঞ্জ পৌরসভা।

০৪। পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা।

০৫। নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা।

০৬। জনাব...............................................পদবি...........................শাখা............................ মানিকগঞ্জ পৌরসভা।

০৭। প্রধান সহকারী, মানিকগঞ্জ পৌরসভাকে সংশ্লিষ্ট কার্যবিবরণী পৌরসভার নিজস্ব ওয়েব সাইটের নোটিশ বোর্ডে প্রকাশের জন্য বলা হলো।

০৮। সংশ্লিষ্ট নথি।

প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

সানজিদা জেসমীন
প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা,মানিকগঞ্জ
ও
উপ-পরিচালক (উপসচিব)
স্থানীয় সরকার, মানিকগঞ্জ